

জেলা

ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি বাতিল করে বিআইটি গঠনের দাবিতে সড়ক অবরোধ

নিজস্ব প্রতিবেদক ময়মনসিংহ

প্রকাশ: ০৯ জুলাই ২০২৫, ১২: ৫০



বিআইটি গঠনের দাবিতে ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষার্থীদের সড়ক অবরোধ। আজ সকাল ১০টার দিকে নগরের রহমতপুর বাইপাস এলাকায় ছবি: প্রথম আলো

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি বাতিল করে বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজি (বিআইটি) গঠনের দাবিতে আন্দোলনে নেমেছেন ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষার্থীরা। আজ বুধবার সকাল ১০টা থেকে নগরের

রহমতপুর বাইপাস মোড় অবরোধ করে বিক্ষোভ কর্মসূচি পালন করছেন তাঁরা। এতে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক ও দিঘারকান্দা বাইপাস সড়কে যান চলাচল বন্ধ হয়ে গেছে।

এর আগে ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজের সামনে রহমতপুর বাইপাস এলাকায় শিক্ষার্থীরা জড়ো হয়ে সড়কে বাঁশ দিয়ে ব্যারিকেড তৈরি করে যান চলাচল বন্ধ করে দেন। পরে তাঁরা সড়কে বসে নিজেদের দাবি আদায়ে বিক্ষোভ শুরু করেন। এ সময় পুলিশ কর্মকর্তা, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও অধ্যক্ষ এসে শিক্ষার্থীদের বোঝানোর চেষ্টা করেন। তাঁরা অনড় থাকায় দুপুর ১২টার দিকে সমাবেশস্থল ত্যাগ করেন ইউএনও ও অধ্যক্ষ।

ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজের অধ্যক্ষ মিজানুর রহমান বলেন, শিক্ষার্থীদের দাবির বিষয়টি নিয়ে আলোচনা চলছে। দাবি মানতে সময় লাগবে। এ কারণে শিক্ষার্থীদের সময় দেওয়ার আহ্বান জানানো হচ্ছে।

অন্যদিকে ইউএনও আরিফুল ইসলাম বলেন, ইতিমধ্যে শিক্ষার্থীদের দাবি সরকারের উচ্চপর্যায়ে লিখিতভাবে জানানো হয়েছে। জনসাধারণের দুর্ভোগের বিষয়টি বিবেচনায় নিয়ে শিক্ষার্থীদের সড়ক থেকে সরে যাওয়ার অনুরোধ জানানো হচ্ছে।

গত ১৮ মে ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজের কম্পিউটারবিজ্ঞান ও প্রকৌশল (সিএসই) বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী প্রবজিৎ কর্মকার (২৩) চলমান শিক্ষাব্যবস্থাকে দায়ী করে আত্মহত্যা করেন। এ ঘটনার পর ২০ মে থেকে সব শিক্ষার্থী একাডেমিক কনসাইন্ড সিস্টেম বাতিলের দাবিতে ক্লাস-পরীক্ষা বর্জন করে বিভিন্ন কর্মসূচি পালন করে যাচ্ছেন। ঈদের পর ১৪ জুন প্রতিষ্ঠান খোলা হলেও পাঠ ও পরীক্ষা কার্যক্রমে অংশ নেননি শিক্ষার্থীরা। ২৪ জুন থেকে প্রশাসনিক ভবনে তালো দেওয়ায় বন্ধ রয়েছে প্রশাসনিক কার্যক্রমও। শিক্ষার্থীদের দাবি মেনে না নেওয়ায় ৫ জুলাই থেকে বিআইটি গঠনের দাবিতে আন্দোলন শুরু করেন শিক্ষার্থীরা।

